দৈনিক ইত্তেফাক

তারিখ ... ... JAN. 30 2000
পৃষ্ঠা ৬ কলাম ৫

38

## স্কুলে পাঠ্যপুস্তক সরবরাহে বিলম্বের প্রতিবাদ

চট্টগ্রাম অফিস ॥ গত ২৫শে জানুয়ারী সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট চট্টগ্রাম নগর শাখার এক সমাবেশে বক্তারা বলেন, প্রতিবছর পাঠ্যপুস্তক প্রকাশে ও সরবরাহে দীর্ঘসূত্রিতা যেন স্বাভাবিক ব্যাপারে পরিণত হইয়াছে। এই বছরও একই পরিস্থিতি বিরাজমান। মাধ্যমিক স্তরের বই সংস্কার ও বাজারজাত করার ক্ষেত্রে কর্তৃপক্ষ চরম গাফেলতির পরিচয় দিতেছে।

ছাত্রফ্রন্ট নেতৃবৃন্দ অভিযোগ করেন যে, বেশ কিছুদিন হইতেই স্কুলসমূহে ক্লাশ শুরু হইয়াছে। অথচ ছাত্ররা এখনো পাঠ্যপুস্তক পায় নাই। নেতৃবৃন্দ অবিলম্বে ছাত্রদে পাঠ্যপুস্তক সরবরাহ করার দাবী জানাইয়াছেন। খালেকুজ্জামান লিপনের সভাপতিত্বে দোস্ত বিল্ডিং চত্বরে এই সমাবেশে ছাত্র ফ্রন্টের জেলা ও নগর শাখা নেতৃবৃন্দ বক্তব্য রাখেন।